# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মুসাফির অবস্থায় আশংকা করে যে, সে তাহাজ্জুদ সালাতের জন্য উঠতে পারবে না, তার প্রতি নির্দেশ হলো বিতরের সালাতের পর দুই রাকা'আত সালাত আদায় করা

ذِكْرُ الْأَمْرِ بِرَكْعَتَيْنِ بَعْدَ الْوِتْرِ لِمَنْ خَافَ أَنْ لَا يَسْتَيْقِظَ لِلتهجُّد وَهُوَ مُسَافِرٌ

---

আরবী

2568 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ شُرَيْحٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ عَنْ ثَوْبَانَ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَقَالَ: (إِنَّ هَذَا السَّفَرَ جُهْدٌ وَثِقَلٌ فَإِذَا أَوْتَرَ أَحَدُكُمْ فَلْيَرْكَعْ رَكْعَتَيْنِ فَإِنِ اسْتَيْقَظَ وَإِلَّا كَانَتَا له)

الراوي : ثَوْبَان | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2568 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1993).

বাংলা

২৫৬৮. সাওবান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে এক সফরে ছিলাম, তখন তিনি বলেন, “নিশ্চয়ই এই সফর কষ্টকর ও ভারী। কাজেই যখন তোমাদের কেউ বিতর সালাত আদায় করবে, তখন সে যেন (পরে) দুই রাকা'আত সালাত আদায় করে। অতঃপর যদি সে জাগ্রত হয় (তবে তো ভালোই, সে যথারীতি সালাত আদায় করবে) আর যদি সে জাগ্রত না হতে পারে, তবে এই দুই রাকা'আতই তার জন্য যথেষ্ট হয়ে যাবে।”[1]

ফুটনোট

[1] দারেমী: ১/৩৭৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১১০৬; তাবারানী: ১৪১০; তাহাবী: ১/৩৪১; বাযযার: ২৯২; দারাকুতনী: ২/৩৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদুন নাদীর: ১০২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91894

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন